দর্শনায় পুলিশের অভিযানে বিভিন্ন মামলার ৮ আসামি গ্রেপ্তার

দর্শনা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে বিভিন্ন স্থান থেকে বিভিন্ন মামলার ৮ আসামিকে গ্রেপ্তার করে আদালতে সোপর্দ করেছে।

পুলিশ জানায়, দর্শনা রেল ইয়ার্ডে চাঁদা না দেওয়ায় এক সিঅ্যান্ডএফ ব্যবসায়ীর অফিস ও বাড়িতে ভাঙচুর ও লুটপাটের ঘটনায় চাঁদাবাজির অভিযোগে ২১ জনের নাম উল্লেখ করে দর্শনা থানায় মামলা করা হয়। এ ঘটনায় চার আসামিকে গ্রেপ্তার করা হয়েছে। পরে বিভিন্ন স্থান থেকে আরও চার আসামিকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তার ব্যক্তিরা হলেন সদাবরী হাইস্কুলপাড়ার আওয়ামী লীগ কর্মী তসিমউদ্দীন, প্যানেল কোটের মামলায় শ্যামপুর গ্রামের মানিক মিয়া, জয়নগর গ্রামের কাস্টমসপাড়ার মদন আলী এবং পরানপুর গ্রামের নাজমুল ইসলাম।

এছাড়া অন্যান্য মামলায় আকুন্দবাড়িয়া গ্রামের আলমগীর হোসেন ও জাহাঙ্গীর আলমকে গ্রেপ্তার করেছে দর্শনা থানা পুলিশ। জিআর মামলার ওয়ারেন্টভুক্ত আসামি আতিয়ার রহমান এবং বেগমপুর কলোনিপাড়ার ইব্রাহীমকেও গ্রেপ্তার করা হয়।

পরে গ্রেপ্তার আট আসামিকে চুয়াডাঙ্গা জজ আদালতে সোপর্দ করা হয়েছে বলে জানিয়েছে দর্শনা থানা পুলিশ।

দামুড়হুদায় পরোয়ানাভুক্ত ৫ আসামি গ্রেপ্তার

চুয়াডাঙ্গার দামুড়হুদায় বিভিন্ন মামলার গ্রেপ্তারি পরোয়ানাভুক্ত পাঁচ আসামিকে গ্রেপ্তার করেছে দামুড়হুদা মডেল থানা পুলিশ। গতকাল

মঙ্গলবার আইনানুগ প্রক্রিয়া শেষে তাদের চুয়াডাঙ্গা বিজ্ঞ আদালতে পাঠানো হয়েছে।

পুলিশ সূত্রে জানা গেছে, চুয়াডাঙ্গা জেলার পুলিশ সুপার মোহাম্মদ রুহুল কবীর খানের সার্বিক দিকনির্দেশনায় এবং দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ্ উদ্দিনের নেতৃত্বে থানা পুলিশের পৃথক অভিযানে এসব আসামিকে গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃতরা হলেন দামুড়হুদা উপজেলার গোবিন্দহুদা গ্রামের মৃত আক্কাস মণ্ডলের ছেলে আকামত মণ্ডল (৬৫), জগন্নাথপুর গ্রামের আনিছুর রহমানের ছেলে জামাত আলী (৩৮), পীরপুরকুল্লা খালপাড়ার ওয়াজেদ মণ্ডলের ছেলে কুদ্দুস আলী (২৮), বাঘাডাঙ্গা নতুনপাড়ার মৃত ইমান আলীর ছেলে বারেক (৪৮) এবং লোকনাথপুর পশ্চিমপাড়ার শাহাবুল হোসেনের ছেলে আব্দুল হান্নান (৩৪)।

তাদের বিরুদ্ধে বিভিন্ন মামলায় আদালত থেকে গ্রেপ্তারি পরোয়ানা জারি ছিল। পুলিশ সূত্রে আরও জানা গেছে, পরোয়ানা তামিলের অংশ হিসেবে পরিচালিত বিশেষ অভিযানে তাদের নিজ নিজ এলাকা থেকে গ্রেপ্তার করা হয়। পরবর্তীতে প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া সম্পন্ন করে তাদের বিজ্ঞ আদালতে সোপর্দ করা হয়েছে।

দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ্ উদ্দিন বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং আদালতের পরোয়ানা বাস্তবায়নে এ ধরনের অভিযান ধারাবাহিকভাবে পরিচালিত হবে।

দর্শনায় বিভিন্ন মামলার ৬ ওয়ারেন্টভুক্ত আসামি গ্রেপ্তার

চুয়াডাঙ্গা জেলার দর্শনা থানা পুলিশ বিভিন্ন এলাকায় বিশেষ অভিযান চালিয়ে এক নারীসহ ৬ জন ওয়ারেন্টভুক্ত আসামিকে গ্রেপ্তার করেছে।

রবিবার ভোর রাতে থানার বিভিন্ন গ্রামে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়। একই দিন দুপুরে গ্রেপ্তারদের আদালতে পাঠানো

হয়েছে।

গ্রেপ্তারকৃতরা হলেন সুজায়েতপুর পূর্বপাড়ার মৃত রইচ উদ্দীনের ছেলে আবুজার মোল্লা (৫৭), কুড়ুলগাছি ইউনিয়নের ঠাকুরপুর বাজারপাড়ার মফিজুল ইসলামের ছেলে মো. রাসেল (২০), ঠাকুরপুর বাজারপাড়ার মৃত আব্দুস সাত্তারের ছেলে মো. আব্দুল্লাহ (২৫), ঠাকুরপুর বাজারপাড়ার লস্কর আলীর ছেলে মো. শাহীন (২৩), সুজায়েতপুর পূর্বপাড়ার আবুজার মোল্লার স্ত্রী মোছা. আকলিমা খাতুন (৪৮) এবং মদনা স্কুলপাড়ার মুনছুর আলীর ছেলে মো. মিলন মিয়া (২৪)।

দর্শনা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী হাসান বিষয়টি নিশ্চিত করে জানান, গ্রেপ্তারকৃত আসামিরা বিভিন্ন মামলায় ওয়ারেন্টভুক্ত পলাতক ছিলেন। দর্শনা থানাধীন পৃথক স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করে আদালতে সোপর্দ করা হয়েছে। এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

আলমডাঙ্গায় নাশকতা মামলার তিন আসামি গ্রেপ্তার

আলমডাঙ্গা থানা পুলিশ বিশেষ অভিযান চালিয়ে নাশকতা মামলার তিন আসামিকে গ্রেপ্তার করেছে। গতকাল শুক্রবার দিবাগত রাতে উপজেলার বিভিন্ন গ্রামে অভিযান চালিয়ে তাদের গ্রেপ্তার করা হয়।

গ্রেপ্তারকৃত আসামিরা হলেন উপজেলার ভাংবাড়ীয়া ইউনিয়নের বগাদি গ্রামের মৃত জব্বার আলী বিশ্বাসের ছেলে সাজিবুর রহমান (৭২)।

তিনি ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক। বাড়াদি ইউনিয়নের অনুপনগর গ্রামের মৃত মরজেম হোসেনের ছেলে শরীয়ত আলী (৫৫)। তিনি ওয়ার্ড আওয়ামী লীগের সাবেক সভাপতি। এছাড়া ভাংবাড়ীয়া ইউনিয়নের খোরদ গ্রামের মৃত বদর উদ্দিন মণ্ডলের ছেলে ওয়াদুদ আলী (৫০)। তিনি ভাংবাড়ীয়া ইউনিয়নের ৭ নম্বর ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি।

আলমডাঙ্গা থানা অফিসার ইনচার্জ বানী ইসরায়েল জানান, খাদিমপুর ইউনিয়নে বিএনপির পদযাত্রায় হামলার ঘটনায় দায়েরকৃত মামলায় এই তিন আসামিকে গ্রেপ্তার করে আদালতে সোপর্দ করা হয়েছে।

আলমডাঙ্গায় মাদক মামলায় যাবজ্জীবন, ১০ বছর পর আসামি গ্রেপ্তার

মাদক মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত মাদক সম্রাট মোঃ অহিদুল ইসলাম (৪০) নামের পলাতক এক আসামিকে ১০ বছর পর গ্রেপ্তার করেছে পুলিশ। আজ রবিবার সকাল সাড়ে ৮টায় উপজেলার হাপানিয়া এলাকা থেকে তাকে আটক করা হয়েছে।

গ্রেপ্তারকৃত অহিদুল ইসলাম চিৎলা ইউনিয়নের হাপানিয়া এলাকার সিদ্দিক আলীর ছেলে। তাকে রবিবার দুপুরে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

পুলিশ জানায়, আলমডাঙ্গা থানায় একটি মাদক মামলায় যাবজ্জীবন সাজাপ্রাপ্ত আসামি মো. অহিদুল ইসলাম নিজের নাম-পরিচয় গোপন করে দীর্ঘ ১০ বছর দেশের বিভিন্ন স্থানে আত্মগোপনে ছিলেন। পুলিশ তথ্য প্রযুক্তি ব্যবহার করে রবিবার সকালে তাকে গ্রেপ্তার করে। গ্রেপ্তারের পর তাকে আদালতের মাধ্যমে কারাগারে পাঠানো হয়েছে।

আলমডাঙ্গা থানার পরিদর্শক (ওসি) বিপ্লব কুমার নাথ জানান, ২০১১ সালের উপজেলার হাপানিয়া এলাকা থেকে বিভিন্ন মাদকদ্রব্য সহ পুলিশের নিকট গ্রেপ্তার হন অহিদুল। ছয় মাস পর জামিনে বের হয়ে তিনি আত্মগোপনে চলে যান। পরে এ মামলায় সাক্ষ্যগ্রহণ শেষে অহিদুল ইসলামকে যাবজ্জীবন কারাদণ্ড দেন। সম্প্রতি তথ্যপ্রযুক্তি ব্যবহার করে তাকে গ্রেপ্তারে বিভিন্ন স্থানে অভিযানও পরিচালনা করা হয়।

# [redacted]

[redacted]

[redacted]

[

হত্যা মামলা দায়ের করেন। র্যাব-৬, ঝিনাইদহ ক্যাম্পের একটি আভিযানিক দল আত্মগোপনে থাকা হত্যাকারী পাষন্ড স্বামী জহুরুল ইসলামকে র্যাব গ্রেপ্তার করে এবং সহযোগী আসামীদের গ্রেপ্তারের লক্ষ্যে অভিযান অব্যাহত রাখে। পরবর্তীতে র্যাব তথ্য প্রযুক্তি ব্যবহার ও গোয়েন্দা তথ্যের ভিত্তিতে সহযোগী আসামীর অবস্থান নিশ্চিত করে।

গ্রেপ্তারকৃত আসামীকে প্রাথমিক জিজ্ঞাসাবাদে সে উক্ত হত্যাকান্ডের সাথে সস্পৃক্ততার কথা স্বীকার করে।

আলমডাঙ্গায় ৩ বছরের সাজাপ্রাপ্ত আসামী মাসুদ গ্রেপ্তার

মারামারি মামলার গ্রেফতারি পরোয়ানাসহ তিন বছরের সাজাপ্রাপ্ত পলাতক আসামি মাসুদ রানা (৩৪) কে গ্রেফতার করেছে পুলিশ।

মাসুদ রানা উপজেলার হারদি ইউনিয়নের গাঙপাড়ার আনিস উদ্দীনের ছেলে। গতকাল (১৫ আগস্ট) মঙ্গলবার সন্ধ্যায় ইউনিয়নের হারদি বাজার প্রাঙ্গণ থেকে তাকে গ্রেপ্তার করে পুলিশ।

জানাযায়, গত কয়েক বছর পূর্বে হারদি গ্রামে মারামারি ঘটনায় মাসুদ রানার বিরুদ্ধে চুয়াডাঙ্গা জেলা আমলী ম্যাজিস্ট্রেট আদালতে মামলা হয়। ঘটনা ও মামলার পরই মাসুদ বিদেশে পাড়ি জমায়। মামলায় হাজিরা না হওয়া ও চলমান থাকায় কোর্ট তার বিরুদ্ধে ৩ বছরের বিনাশ্রম কারাদণ্ডের আদেশ দেন। এছাড়াও তার বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করেন।

এ আদেশের ভিত্তিতে উপজেলার হারদি বাজার থেকে মাসুদ রানাকে গ্রেপ্তার করে পুলিশ।